

নথি নং-৫-কাস(১৫)ইটি/অ:আ:/কা:হা: আইসিডি/২০১১/পাট-২/

তারিখ-২৫/০৫/২০২২ খ্রিঃ।

‘অফিস আদেশ’

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানিকৃত পণ্য খালাসের জন্য আমদানিকারকের নাম, পদবী ও স্বাক্ষর এবং তাঁর যথোপযুক্ত প্রতিনিধিস্বরূপ সিএন্ডএফ এজেন্টের পূর্ণাঙ্গ নাম, পদবী, স্বাক্ষর ও কার্ড নম্বর (সিএন্ডএফ এজেন্টের ক্ষেত্রে) উল্লেখপূর্বক ম্যানুয়েল বিল অব এন্ট্রি দাখিলের আইনগত বাধ্যবাধকতা রয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু ক্ষেত্রে দাখিলকৃত ম্যানুয়েল বিল অব এন্ট্রি তে আমদানিকারক ও এজেন্টের নাম, পদবী, স্বাক্ষর, কার্ড নম্বর সঠিকভাবে উল্লেখ করা হচ্ছে না। এমতাবস্থায়, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে স্বল্পতম সময়ের মধ্যে শুদ্ধায়ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা দেয়া হল :

- (ক) প্রতিটি চালানের বিল অব এন্ট্রির বিপরিত স্থানে আমদানিকারক ও সিএন্ডএফ এজেন্টের পূর্ণ নাম, পদবী, স্বাক্ষর ও কার্ড নম্বর (সিএন্ডএফ এজেন্টের ক্ষেত্রে) যথাযথভাবে পূরণ পূর্বক ম্যানুয়েল বিল অব এন্ট্রি দাখিল করতে হবে এবং শুদ্ধায়ন শাখার যথোপযুক্ত কর্মকর্তা প্রতিটি শুদ্ধায়ন নথিতে আবশ্যিকভাবে তা দাখিল নিশ্চিত করবেন;
- (খ) প্রতিটি চালানের শুদ্ধায়ন সম্পন্ন করার ক্ষেত্রে আমদানিকারক তার দাপ্তরিক প্যাডে যথাযথ সিএন্ডএফ এজেন্টকে তার প্রতিনিধি হিসেবে মনোনয়ন করবেন এবং নথিতে আবশ্যিকভাবে সেটা সংরক্ষণ করবেন।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৫৪৭০

খন্দকার নাজমুল হক  
অতিরিক্ত কমিশনার  
কমিশনারের পক্ষে  
ফোন : ০২-৪৮৩১৩৮৪৩

নথি নং-৫-কাস(১৫)ইটি/অ:আ:/কা:হা: আইসিডি/২০১১/পাট-২/ ৪৭২০(১০০) তারিখ-২৫/০৫/২০২২ খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ২। প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এ্যাসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা [সংশ্লিষ্ট আমদানিকারক ও রপ্তানিকারকগণকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো]।
- ৫। রাজস্ব কর্মকর্তা/ সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ৬। পিএটু কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। শাখা সহকারী/ সাব-ইন্সপেক্টর/ সিপাই/গাড়ী চালক/অফিস সহায়ক (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ৮। অফিস কপি।
- ৯। নোটিশ বোর্ড।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। সদস্য (শুদ্ধ নীতি ও আইসিডি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫/০৫/২২  
মোহাম্মদ নাহিদুল্লাহ  
উপ কমিশনার